



যশোরে এরশাদ

সাইন বোর্ড
বাংলায়
লেখার
নির্দেশ

প্রেসিডেন্ট হুসেইন মুহম্মদ এরশাদ গতকাল (সোমবার) সকল বাণিজ্যিক, শিল্প ও সরকারী প্রতিষ্ঠানের সাইনবোর্ড অবিলম্বে বাংলায় লেখার নির্দেশ দিয়াছেন। তিনি বলেন, প্রয়োজনে বাংলা লেখার নীচে ছোট অক্ষরে ইংরেজী লেখা যাইতে পারে। প্রেসিডেন্ট বলেন যে, (শেষ পৃঃ ১-এর কঃ দঃ)

বাংলা একাডেমী
(শেষ পৃঃ পর)

মোস্কা, কামাল বলেন, বাংলা একাডেমী পুরস্কারের কৌলীঙ্গ রক্ষা করিতে হইবে। এই বছর হইতে সামগ্রিক সাহিত্যকর্মের জন্ম একজনকে পুরস্কৃত করা হইবে। পুরস্কারের অটমান বাড়াইয়া পঁচিশ হাজার টাকা করা হইয়াছে। আর পুরস্কারের জন্ম বিচারকমণ্ডলীর কর্মকাণ্ড এমন করা হইয়াছে যে, ইহাতে সর্বোচ্চ নিরপেক্ষতা নিশ্চিত হইবে।

তিনি একাডেমীর সাম্প্রতিক বছরগুলির প্রকাশনা মানে উৎসেগ প্রকাশ করিয়া বলেন, সর্বোচ্চ গবেষণা-তত্ত্বাবধায়ক প্রতিষ্ঠান হিসাবে এইখানে সাম্প্রতিক সাধারণ স্বজনশীল রচনা এবং প্রাথমিক পর্যায়ের তথ্যাবলীর নানা ধরনের ১ শত ১টি বই প্রকাশ না করিয়া দশটি গুরুত্বপূর্ণ উচ্চমানের গবেষণাগ্রন্থ প্রকাশ করাই সর্বোত্তম হইত।

তিনি বলেন, একাডেমী হইতে এখন কেবলি উচ্চমানের গবেষণাগ্রন্থ প্রকাশ করা হইবে, সাম্প্রতিক সাধারণ স্বজনশীল রচনা প্রকাশ বন্ধ থাকিবে। বাংলা একাডেমী জ্ঞানের চর্চার জন্ম সেই সকল বই প্রকাশ করিবে যেগুলি বাণিজ্যিক প্রকাশকরা প্রকাশ করিতে আগ্রহী নহেন। তিনি জানান, একাডেমীর উদ্দেশ্যে 'বাংলা ভাষা প্রচলনে বাধা কোথায়' এই বিষয়ে দেশের বিশিষ্ট ৫ শত ব্যক্তির মধ্যে প্রশ্নোত্তরের মাধ্যমে এক জরিপ সম্পন্ন হইয়াছে। উহার ফলাফল শীঘ্রই প্রকাশ করা হইবে।

তিনি বলেন, দেশের বিশিষ্ট পণ্ডিতদের যৌথ সম্পাদনার 'বাংলা সাহিত্যের ইতিহাস' গ্রন্থ প্রণয়নের উদ্দেশ্যে জওয়া হইয়াছে। তিনি বাংলা মুদ্রাক্ষর যন্ত্রের উন্নয়ন ও বৈদ্যুতিকরণ প্রকল্পের উল্লেখ করিয়া বলেন, ইহা না হইলে বাংলা মুদ্রাক্ষর যন্ত্রের কাজ গতি-সম্পন্ন হইবে না এবং সকল সরকারী ও প্রাতিষ্ঠানিক কাজে বাংলা ব্যবহার পিছাইয়া থাকিবে। তিনি আরও জানান, জীবনী গ্রন্থমালা প্রকল্পাধীন একশত প্রায় কবি-সাহিত্যিক-প্রাবন্ধিকের প্রামাণ্য জীবনকথা পর্যায়ক্রমে প্রকাশ করা হইবে, এইবারে ২১শে ফেব্রুয়ারী উপলক্ষে তিরিশ জনের জীবনী প্রকাশিত হইতে যাইতেছে।